কালের কণ্ঠ

তারিখ ২০ NOV 2016
পৃষ্ঠা ৭ কলাম ২

# প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু আজ

নিজস্ব প্রতিবেদক ▷

প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু হচ্ছে আজ রবিবার। পিইসি ও ইবতেদায়ির ইংরেজি পরীক্ষার মধ্য দিয়ে শুরু হচ্ছে দেশের সর্ববৃহৎ পাবলিক পরীক্ষা। দুই পরীক্ষায় এবার ৩২ লাখ ৩০ হাজার ২৮৮ শিক্ষার্থী অংশ নেবে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মোস্তাফিজুর রহমান আজ রাজধানীর লালবাগের অগ্রণী স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্র পরিদর্শন করবেন বলে মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

জানা যায়, পিইসি ও ইবতেদায়ি উভয়েরই ছয়টি বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে। আজ থেকে শুরু হয়ে আগামী ২৭ নভেম্বর এই পরীক্ষা শেষ হবে। সকাল ১১টা থেকে এই পরীক্ষা শুরু হয়ে চলবে দুপুর দেড়টা পর্যন্ত। দেশের সাত হাজার ১৯৪টি এবং বিদেশের ১১টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

পিইসিতে এবার ২৯ লাখ ৩০ হাজার ৫৭৩ জন পরীক্ষা দেবে। এর মধ্যে ১৩ লাখ ৪৬ হাজার ৩২ জন ছাত্র এবং ১৫ লাখ ৮৪ হাজার ৫৪১ জন ছাত্রী। আর ইবতেদায়ির দুই লাখ ৯৯ হাজার ৭১৫ জন পরীক্ষার্থীর মধ্যে এক লাখ ৫৭ হাজার ৩১৯ জন ছাত্র এবং এক লাখ ৪২ হাজার ৩৯৬ জন ছাত্রী। এবার পিইসিতে দুই হাজার ৮৫৭ জন এবং ইবতেদায়িতে ৯০ জন বিশেষ চাহিদাসম্পন্ন (প্রতিবন্ধী/অটিস্টিক) পরীক্ষার্থী অংশ নেবে।

চলতি বছরেই প্রাথমিক শিক্ষা অষ্টম শ্রেণি পর্যন্ত উন্নীত হয়। একই সঙ্গে অষ্টম শ্রেণি পর্যন্ত প্রাথমিক শিক্ষা ন্যস্ত হয় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের হাতে। ফলে শিক্ষার্থী ও অভিভাবকরা আশা করেছিল, এবার থেকেই পঞ্চম শ্রেণি শেষে পিইসি পরীক্ষা তুলে দেওয়া হবে। একবারে অষ্টম শ্রেণি শেষে অনুষ্ঠিত হবে প্রাথমিক সমাপনী। সেই হিসেবে মন্ত্রণালয়ও পঞ্চম শ্রেণি শেষের সমাপনী পরীক্ষা তুলে দিতে মন্ত্রিসভায় প্রস্তাব দেয়। কিন্তু মন্ত্রিসভা তাদের প্রস্তাব নাকচ করে দেয়। আগামীতে কবে এই পঞ্চম শ্রেণি শেষের সমাপনী পরীক্ষা তুলে দেওয়া হবে তা জানাতে পারছে না মন্ত্রণালয়ও।